

Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 01 May, 2025

নেত্রকোণার দুর্গাপুরে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে শিক্ষাবৃত্তির চেক বিতরণ করেছে বেসরকারি উন্নয়ন সংস্থা দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র (ডিএসকে)। বৃহস্পতিবার (১ মে) বিকেল ৩টায় কমরেড মণি সিংহ স্মৃতি জাদুঘর হলরুমে ডিএসকের নেত্রকোণা-১ অঞ্চলের উদ্যোগে এ অনুষ্ঠান আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ডিএসকের নির্বাহী পরিচালক ডা. দিবালোক সিংহ। এতে সভাপতিত্ব করেন সংস্থার সহকারী পরিচালক শামছুল আলম খান। অনুষ্ঠান সঞ্চালনা করেন সমৃদ্ধি প্রকল্পের সমন্বয়ক রুপন কুমার সরকার।

এসময় উপস্থিত ছিলেন সিপিবি দুর্গাপুর উপজেলা কমিটির সভাপতি আলকাছ উদ্দিন মীর, ডিএসকের আঞ্চলিক ব্যবস্থাপক নজরুল ইসলাম, দুর্গাপুর শাখার ব্যবস্থাপক মজিবুর রহমান, বিরিশিরি শাখার সোহাগ মিয়া, রারমারী শাখার সুলতানা শাহিন, লেংগুরা শাখার উত্তম আদিত্য, শিবগঞ্জ শাখার আনোয়ারা বেগম, ঝানজাইল শাখার আবু বকর সিদ্দিক এবং রিসোর্স সেন্টারের ব্যবস্থাপক মোরশেদ আলমসহ অন্যান্য কর্মকর্তারা।

এ বছর এসএসসি ও এইচএসসি পর্যায়ের ৮৫ জন দরিদ্র মেধাবী শিক্ষার্থীর মাঝে মোট ৫ লাখ ৭৫ হাজার টাকার শিক্ষাবৃত্তির চেক বিতরণ করা হয়।

ডিএসকে জানায়, এই সহায়তা শিক্ষার্থীদের পড়াশোনায় আগ্রহ ও আত্মবিশ্বাস বাড়াবে, যা তাদের ভবিষ্যৎ নির্মাণে সহায়ক হবে।

এই উদ্যোগের জন্য উপকারভোগীরা ডিএসকের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

শিক্ষাবৃত্তি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 17:33

URL: <https://www.timestodaybd.com/mymensingh/1744775807>